

যুগান্তর

কলেজে ভর্তির আবেদনে নতুন নির্দেশনা

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ০৪ জুন ২০২৪, ০৬:২৯:০৬ | [অনলাইন সংস্করণ](#)



সার্ভার জটিলতার কারণে একাদশ শ্রেণির ভর্তি আবেদন যথাসময়ে শুরু করা যায়নি। পরে সমস্যার সমাধান করলে আবেদন প্রক্রিয়া স্বাভাবিক হয়। তবে ফি পরিশোধে জটিলতায় পড়ছিলেন ভর্তিচ্ছুরা। সেটার সমাধান করা হয়েছে।

একাদশে ভর্তির আবেদনের সময় যারা এসএমএস পাননি এবং লগ ইন করতে পারেননি তাদেরকে পুনরায় এ প্রক্রিয়া সম্পন্ন করতে বলা হয়েছে। একাদশ শ্রেণিতে ভর্তির ওয়েবসাইটে এ নির্দেশনা দেওয়া হয়েছে। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে এ তথ্য জানা গেছে।

এদিকে একাদশ শ্রেণিতে ভর্তি ফি পরিশোধে নতুন ব্যবস্থা চালু করা হয়েছে। শিক্ষার্থীদের সুবিধার জন্য এখন থেকে অনলাইনে সহজেই ফি পরিশোধ করা যাবে বলে জানিয়েছে ভর্তি সংক্রান্ত কমিটি। রোববার এ তথ্য জানানো হয়।

ভর্তি সংক্রান্ত কমিটির ওই নোটিশে আরও বলা হয়, আবেদনকারীদের আবেদন ফি পরিশোধ সংক্রান্ত সমস্যা লাঘবের জন্য বিকাশের মাধ্যমে সরাসরি আবেদন ফি পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আবেদন ফি পরিশোধের পর একাদশ শ্রেণিতে স্মার্ট ভর্তির সিস্টেমে লগ ইন করে

পোর্টাল থেকে নিশ্চিত হওয়া যাবে, পেমেন্ট সম্পন্ন হয়েছে কিনা। তিন ধাপে প্রথম ধাপের ভর্তিপ্রক্রিয়া চলবে ১১ জুন পর্যন্ত।

এছাড়াও সোমবার আবার একাদশে ভর্তিতে নতুন নির্দেশনায় বলা হয়েছে, গত ২৯ থেকে ৩০ মে তারিখের মধ্যে এসএমএস গেইটওয়ের সমস্যার কারণে যারা সাইন আপ করা সত্ত্বেও এসএমএস পাননি এবং লগ ইন করতে পারেননি, তাদেরকে পুনরায় সাইন আপ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এরপর লগ ইন করার জন্য অনুরোধ করা হয়েছে।

একাদশ শ্রেণির ভর্তিতে এবার রাজধানীর কলেজগুলোতে ভর্তি ফি রাখা হয়েছে সাড়ে ৭ হাজার, ইংরেজি মাধ্যমে সাড়ে ৮ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। ঢাকা বাদে অন্য মেট্রোপলিটন এলাকাতে ৫ হাজার, জেলা শহরে ৩ হাজার এবং উপজেলায় আড়াই হাজার টাকা সর্বোচ্চ ভর্তি ফি রাখা হয়েছে।

পূর্বঘোষিত তারিখ ও সময় অনুযায়ী ২৬ মে সকাল থেকে ভর্তি আবেদন শুরুর কথা থাকলেও সে সময় ওয়েবসাইটে প্রবেশে জটিলতা দেখা দেয়। পরে আবেদন প্রক্রিয়া সচল হয়।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

